

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ, ২০ আশ্বিন ১৪২৩/০৫ অক্টোবর ২০১৬

নং ১ বিবিধ-১০/৯২/ডি-৬(অংশ)/৫৫৫—ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটি বাংলাদেশের বিভিন্ন হাইড্রোগ্রাফিক সংস্থার মধ্যে সমুদ্র জরিপ ও তথ্য সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন করে থাকে। প্রতিবেশী দেশসমূহের সঙ্গে বাংলাদেশের সমুদ্রসীমা ইতোমধ্যে নির্ধারিত হওয়ায় সমুদ্র সম্পদের সঠিক ব্যবহার ও ব্লু-ইকোনমির সুফল পাওয়ার লক্ষ্যে বিভিন্ন প্রকার সমুদ্র জরিপের ডাটার সূষ্ঠা ব্যবহার, একই কাজের পুনরাবৃত্তি রোধ, বিভিন্ন সংস্থা কর্তৃক ডাটার সুলভ প্রাপ্যতা ইত্যাদি বিষয় নিয়ে উক্ত কমিটি কাজ করে আসছে।

২। এ পরিপ্রেক্ষিতে, বাংলাদেশের জলসীমায় সমুদ্র ও উপকূলীয় এলাকায় হাইড্রোগ্রাফিক জরিপসহ অন্য যে কোন ধরনের জরিপ কার্যক্রম পরিচালনার পূর্বে নিম্নবর্ণিত ঠিকানায় যোগাযোগের মাধ্যমে ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটির মতামত গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

চেয়ারম্যান, ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটি  
সহকারী নৌ প্রধান (অপারেশন্স), নৌবাহিনী সদর দপ্তর, অপারেশন্স শাখা  
বনানী, ঢাকা-১২১৩  
ফোন: ৯৮৩৬১৪১-৯ (বর্ধিত ২১৭১), ফ্যাক্স: ৯৮৩৬২৭০  
ই-মেইল: dhydro@navy.mil.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এম. আবুল কালাম আজাদ  
যুগ্মসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd  
( ১৫৩২৫ )  
মূল্য : টাকা ৪.০০